তারিখ ... ২৯।৩।৭৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...
092

ইত্তেফাক

# মওলানা আল আজহারীর ইন্তেকাল

(ইত্তেফাক রিপোর্ট)

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মওলানা মোঃ আলাউদ্দিন আল-আজহারী গতকাল (সোমবার) সকালে পিজি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে...... রাজেউন)। মৃত্যুকালে তাঁহার বয়স ছিল ৪৩ বৎসর।

বায়তুল মোকাররম মসজিদে আসরের নামাজের পর তাঁহার নামাজে জানাজা অনুষ্ঠিত হয় এবং পরে বড় মগবাজারস্থ নিজস্ব বাসভবনে মরহুমের লাশ দাফন করা হয়।

মরহুম মওলানা আজহারী ১৯৩৫ সালে ফরিদপুর জেলার কালকিনী থানার সাহেবরামপুরে জন্মগ্রহণ করেন। ১৯৪৭ সালে তিনি আলেম, ১৯৪৯ সালে ফাজেল ও ১৯৫১ সালে কামেল পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হন। ১৯৫৩ সালে তিনি কায়রোর আল-আজহার বিশ্ববিদ্যালয় হইতে

(৭ম পৃঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

আলমিয়াহ ডিগ্রী ও ১৯৫৫ সালে কায়রোর আমেরিকান বিশ্ববিদ্যালয় হইতে আরবী ভাষা ও সাহিত্যে এম, এ, ডিগ্রী অর্জন করেন।

১৯৫৫ হইতে ১৯৫৭ সাল পর্যন্ত তিনি কায়রোতে পার্টটাইম অধ্যাপক হিসাবে কাজ করেন। ১৯৫৮ হইতে ১৯৫৯ সাল পর্যন্ত তিনি বাংলা একাডেমীতে সহকারী অনুবাদক অফিসারের দায়িত্ব পালন করেন। মরহুম আজহারী আমৃত্যু ঢাকা আলীয়া মাদ্রাসায় আরবী ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান ও আদবের অধ্যাপক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইন্সটিটিউটে আরবীর শিক্ষক ছিলেন।

মরহুম বহু গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। তন্মধ্যে কোরান বিজ্ঞান, তফসির ই-আজহারী, আরবী-বাংলা অভিধান, ইসলামিয়াত, উর্দু বাংলা অভিধান, ৭ খণ্ডে ইসলামের ইতিহাস, আল আজহারের ইতিহাস উল্লেখযোগ্য।

তিনি বহু সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ করেন এবং বিভিন্ন প্রতিষ্ঠানের বিভিন্ন পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি মিসর, সিরিয়া, ইরাক, লেবানন, ইরান, জর্ডন ও সৌদী আরব সফর করেন। ১৯৫৫ সালে তিনি আল-আজহারের হজ্ব প্রতিনিধিদলের সদস্য হিসাবে হজ্ব পালন করেন এবং ১৯৭৭ সালে মস্কোতে অনুষ্ঠিত ধর্মীয় কর্মীদের বিশ্ব সম্মেলনে যোগ দেন।

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার মওলানা আজহারীর আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং বলেন যে, ইসলামী শিক্ষা এবং আধুনিক আরবী ভাষা ও সাহিত্য শিক্ষার ক্ষেত্রে তাঁহার অবদান স্মরণীয়।

মওলানা আজহারীর মৃত্যুতে মসজিদ সমাজের কার্যকরী পরিষদ, মসজিদ মিশন, ইসলামিক ফাউণ্ডেশন, ঢাকা মেট্রোপলিটান এডভোকেট বার সমিতি, রেডিও বাংলাদেশের কর্মীবৃন্দ, বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়া বাংলাদেশ-লিবিয়া ভ্রাতৃ সমিতির সাধারণ সম্পাদক জনাব মুহাম্মদ মঈনুল ইসলাম পৃথক পৃথকভাবে গভীর শোক প্রকাশ করেন এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।